

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.৪৩৩.২৬.০৩২.২৪ নথির বিষয়ঃ Mass cleaning of Trunk sewer line from Narinda CPS to Dholaikhal SLS with related sump well, inlet and delivery chamber cleaning by daily basis labour under PSTP Division(2nd stage).

নোটঃ ১ নোটের বিষয়ঃ Mass cleaning of Trunk sewer line from Narinda CPS to Dholaikhal SLS with related sump well, inlet and delivery chamber cleaning by daily basis labour under PSTP Division(2nd stage) কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৮/৫/২৪ ৮:০০ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৮ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে ১৭টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে সরবরাহ/প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে সর্বশেষ ধাপে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। উক্ত পয়ঃ শোধনাগার হতে বর্তমানে লিফট পাম্প, স্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডস্ জোন এর আওতাধীন ১৭ টি পয়ঃ উত্তোলন কেন্দ্রসহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় ইলেকট্রোমেকানিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হচ্ছে। ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে স্থাপিত পয়ঃ উত্তোলন কেন্দ্র হতে পয়ঃনেটওয়ার্কের মাধ্যমে পয়ঃসমূহ প্লান্টের ইনলেট চেম্বারে জমা হয়। সেই কারনে উক্ত ট্রাংক মেইনে সুয়ারের ফ্লো স্বাভাবিক রাখার লক্ষ্যে দ্বিতীয় পর্যায় ম্যাস ক্লিনিং করা প্রয়োজন। উল্লেখ্য যে, ঢাকা ওয়াসায় বিদ্যমান পয়ঃ নিষ্কাশন ব্যবস্থা ও পয়ঃ নেটওয়ার্ক বিষয়ে এক সমন্বয় সভা গত ২৮/১০/২০২১ইং তারিখ ডাইরেক্টর (টেকনিক্যাল) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছিল (সংযুক্তি-৪)। উক্ত সভায় সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন ব্যবস্থাপনা নিশ্চিতের লক্ষ্যে প্রতিটি এস.এল.এস হতে পরবর্তী এস.এল.এস পর্যন্ত ট্রাংক সুয়ার লাইনগুলি পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ কর্তৃক ক্লিনিং করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৯৭২০/২০১১ এ প্রধান পয়ঃ লাইন সমূহ পরিষ্কার ও সংস্কার পূর্বক পয়ঃ প্রবাহ বৃদ্ধি করার কথা নির্দেশনা-৬ এ রয়েছে। সেই ধারাবাহিকতায় উদ্ধর্তন কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে দৈনিক মজুরী ভিত্তিতে শ্রমিক নিয়োজিত করে ট্রাংক সুয়ার লাইন ও চেম্বার ক্লিনিং কাজ চলমান রয়েছে। সেই আলোকে নারিন্দা কেন্দ্রীয় পাম্পিং স্টেশন হতে ধোলাইখাল এস.এল.এস পর্যন্ত দ্বিতীয় পর্যায় ট্রাংক সুয়ার লাইন ক্লিনিং সহ উক্ত এস.এল.এস এর ইনলেট ও আউটলেট চেম্বার, ডক, স্ক্রীন চেম্বার ক্লিনিং করা প্রয়োজন।

সংযুক্তিসমূহ (৮):

- ১। পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৩-২০২৪ইং অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
- ২। পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ৩। মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৯৭২০/২০১১ এর প্রেক্ষিতে প্রদত্ত রায়ে কপি।
- ৪। স্মারক নং-৪৬.১১৩.৪২৯.০০.০০.০০০.২০২১-১৬২, তারিখঃ ২৮/১০/২০২১ইং মোতাবেক সভার কার্যবিবরণী।
- ৫। দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।
- ৬। নারিন্দা কেন্দ্রীয় পাম্পিং স্টেশন হতে ধোলাইখাল এস.এল.এস পর্যন্ত মেইন ট্রাংক সুয়ার লাইনের নকশা।
- ৭। ম্যাস ক্লিনিং কাজের প্রাক্কলন।
- ৮। আলোচ্য কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৮/৫/২৪ ৮:০১ অপরাহ্ন

সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে “Mass cleaning of Trunk sewer line from Narinda CPS to Dholaikhal SLS with related sump well, inlet and delivery chamber cleaning by daily basis labour under PSTP Division(2nd stage)” শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ’ল(ক্রমিক নং-৭ দ্রঃ)। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ২,৬৮,৮০০.০০ (দুই লক্ষ আটষাট হাজার আটশত) টাকা মাত্র। উক্ত কাজের খরচ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধিত

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

রাজস্ব বাজেট বরাদ্দের পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ (কোড ০১-০৪-০০২) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-৭৫; প্যাকেজ নং-E2(থোক বরাদ্দ) হতে নির্বাহ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৮/৫/২৪ ৮:১১ অপরাহ্ন


এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.১ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Mass cleaning of Trunk sewer line from Narinda CPS to Dholaikhal SLS with related sump well, inlet and delivery chamber cleaning by daily basis labour under PSTP Division(2nd stage)” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

ক) কাজটি পিপিআর-২০০৮ এর ৮২(১) বিধি অনুসারে ফোর্সড একাউন্টের মাধ্যমে অত্র বিভাগের অনুকূলে মজুরীর বিনিময়ে সরাসরি শ্রমিক নিয়োজিত করে সম্পাদনের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক ২,৬৮,৮০০.০০ (দুই লক্ষ আটষাট হাজার আটশত) টাকা মাত্র প্রাক্কলনটির আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত বাজেটের “পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ” (কোড ০১-০৪-০০২) খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

			
৮/৫/২৪ ৮:২৭ অপরাহ্ন সম্রাট মিয়া উপ-সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৮/৫/২৪ ৯:০১ অপরাহ্ন মোঃ সাইফুল ইসলাম সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৮/৫/২৪ ৯:৪৭ অপরাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৮/৫/২৪ ৯:৪৭ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৮/৫/২৪ ১১:১৩ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.2

		
৮/৫/২৪ ১১:১৪ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৯/৫/২৪ ১২:১৩ পূর্বাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	৯/৫/২৪ ১২:১৩ পূর্বাহ্ন এ. কে. এম. সহিদ উদ্দিন উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম) উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১৫/৫/২৪ ৮:৪২ অপরাহ্ন

Approved.


১৫/৫/২৪ ৮:৪২ অপরাহ্ন এ. কে. এম. সহিদ উদ্দিন উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম) উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর

প্রকৌঃ এ. কে. এম. সহিদ উদ্দিন
ব্যবস্থাপনা পরিচালক (অঃ দাঃ)
ঢাকা ওয়াশা।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

PP

১৬/৫/২৪ ১১:০৬ অপরাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

১৬/৫/২৪ ১১:০৬ অপরাহ্ন
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পাথলা পয়ঃ শোধনাগার বিভাগ

Att

১৭/৫/২৪ ৫:৫৩ পূর্বাহ্ন
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

১৭/৫/২৪ ৫:৫৩ পূর্বাহ্ন
সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ